

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ০৯/১১/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী তারিখঃ ১৭/১১/২০২১ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আতাউর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান..... ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৭/১১/২০২১ খ্রিঃ,

সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব গফরগাঁও উপজেলার যুব ও ক্রীড়া উন্নয়নের উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>গ্রুপ ঋণ : পরিবারের সদস্যদের নিয়ে গ্রুপ গঠন করে এ প্রকারের ঋণ দেয়া হয়। এ ঋণ পরিবার ভিত্তিক প্রদান করা হয়। পারিবারিক ঐতিহ্য রক্ষা ও মূল্যবোধ সমুন্নত রাখার লক্ষ্যে পারিবারিক সম্প্রতি, শ্রদ্ধাবোধ জাগিয়ে তোলার মাধ্যমে পরিবারকে উন্নয়নের একক হিসেবে প্রাধান্য দিয়ে আত্মকর্মসংস্থান সৃষ্টিই এ প্রকার ঋণ কর্মসূচির মূল লক্ষ্য। কর্ম সূচির আওতায় ৫জন সদস্য নিয়ে ১টি গ্রুপ এবং ৮-১০টি গ্রুপ নিয়ে ১টি কেন্দ্র গঠন করা হয়ে। প্রতি সদস্য ১ম দফায় ১০,০০০/ টাকা করে ঋণ পায় ও সপ্তাহ গ্রেসপিরিয়ড বাদে ৫০ সপ্তাহে এ ঋণ পরিশোধ করতে হয়। পরিশোধের পর ধারাবাহিক ভাবে ৩য় দফা পর্যন্ত ঋণ দেয় হয়। প্রতি দফায় ঋণের পরিমাণ ১ম দফায়= ১০,০০০/ টাকা, ২য় দফায়= ১৫,০০০/ টাকা এবং ৩য় দফায় ২০,০০০/ টাকা যোগাযোগের ঠিকানা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, গফরগাঁও উপজেলা।</p> <p>যুব সংগঠন নিবন্ধনকরণঃ বেসরকারী স্বেচ্ছা সেবী যুব সংগঠন সমূহকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে সম্পৃক্ত করণের দায়িত্ব যুব উন্নয়ন অধিদপ্তর পালন করে থাকে। যুব উন্নয়ন অধিদপ্তরের উন্নয়ন সহযোগী হিসেবে যুব সংগঠন নিবন্ধন করে। যোগাযোগের ঠিকানা- উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা পরিষদ ভবন, ময়মনসিংহ।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ১৭/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং-যুব/ গফরগাঁও/২০২১-

অনুলিপিঃ সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা যুব উন্নয়ন অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।